সংবাদ

তারিখ 11 APR 2003
পৃষ্ঠা ১২

কলেজ শিক্ষক সমিতির সমাবেশ

# অবৈধভাবে ২ হাজার অধ্যক্ষ-শিক্ষক অপসারণের অভিযোগ

নিজস্ব বার্তা পরিবেশক, রাজশাহী : বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির রাজশাহী বিভাগীয় সমাবেশে বক্তারা বলেছেন, বর্তমান জোট সরকার কোন কারণ ছাড়াই সম্পূর্ণ অন্যায়ভাবে দেশে প্রায় ২ হাজার অধ্যক্ষ-শিক্ষককে অপসারণ করেছে। জোট সরকার কর্তৃক শিক্ষকদের বিরুদ্ধে বিভিন্ন নির্যাতনমূলক ঘটনার উল্লেখ করে সমাবেশে তীব্র নিন্দা, প্রতিবাদ ও ক্ষোভ প্রকাশ করা হয়।

গতকাল সকাল সাড়ে ৯ টায় রাজশাহী মহানগরীর শাহ্ মখদুম কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত সমাবেশে সভাপতিত্ব করেন অধ্যক্ষ সোহরাবুল আহসান। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহম্মেদ। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক এবং শিক্ষক সমিতির সভাপতি আজিজুল ইসলাম। সমাবেশ পরিচালনা করেন সিরাজুল হক। সমাবেশে স্বাগত বক্তব্য রাখেন উপাধ্যক্ষ আবদুল বারী।

সমাবেশে বক্তারা ফেডারেশনের মহাসচিব কাজী ফারুক আহম্মেদের সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার, কল্যাণ ট্রাস্টের বাতিলকৃত আর্থিক সুবিধা পুনর্বহাল, চলমান স্কেলে চিকিৎসা ভাতা ও বাড়ি ভাড়া প্রদান, ৩০ ভাগ মহার্ঘ ভাতা প্রদান, প্রতিশ্রুত ১০ ভাগ বেতন বৃদ্ধি, নতুন জাতীয় বেতন স্কেলসহ ২১ দফা দাবি অবিলম্বে বাস্তবায়নের দাবি জানানো হয়।

সমাবেশশেষে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি রাজশাহী জেলা শাখার তিন বছর মেয়াদি ৭১ সদস্যবিশিষ্ট নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। নবগঠিত কমিটির উল্লেখযোগ্য কর্মকর্তারা হলেন সভাপতি অধ্যক্ষ সোহরাবুল আহসান, সহ-সভাপতি আশরাফ আলী দেওয়ান, সেলিমউদ্দিন কবিরাজ, সিরাজুল ইসলাম, আবদুল মালেক, সিদ্দিক হোসাইন, সাধারণ সম্পাদক উপাধ্যক্ষ আবদুল বারী, যুগ্ম-সাধারণ সম্পাদক রাজ কুমার সরকার, কোষাধ্যক্ষ আমিনুর রহমান, সাংগঠনিক সম্পাদক সিরাজুল ইসলাম, মহিলা সম্পাদক আফরোজা আহম্মেদ।